# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৩/২০১৮-১৯**

**ঢাকা, মঙ্গলবার, ১৭ জুলাই ২০১৮, ২ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভায় মানসিক স্বাস্থ্য আইন ও ডিজিটাল কমার্স নীতিমালার খসড়া অনুমোদন

২। রোহিঙ্গাদের জন্য যা সম্ভব করা হবে : আইওএম প্রতিনিধিদলকে প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গাদের ফেরাতে জাতিসংঘের প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। তত্ত্বাবধায়ক সরকারের আমলে কোনো মামলা ছাড়াই আমাকে বন্দি করা হয়েছিল
মন্ত্রিসভার বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী

৫। যেখানে মাদক, সেখানেই অভিযান চালানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। প্রাকৃতিক দুর্যোগের ধরণ দিন দিন পাল্টে যাচ্ছে :
নীলফামারীতে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রাণমন্ত্রী

৭। নারীদের অনলাইনভিত্তিক জব মার্কেটপ্লেসের উদ্বোধন করলেন তথ্যপ্রযুক্তিমন্ত্রী

৮। নকলমুক্ত ও স্বচ্ছ পরীক্ষা পদ্ধতি নিশ্চিত করা হয়েছে : শিক্ষাপ্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় মানসিক স্বাস্থ্য আইন ও ডিজিটাল কমার্স নীতিমালার খসড়া অনুমোদন**

কোনো চিকিৎসক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে মানসিক অসুস্থতার মিথ্যা সনদ দিলে জেল ও জরিমানা ভোগ করতে হবে। এ অপরাধে জড়িত চিকিৎসককে সর্বোচ্চ তিন লাখ টাকা অর্থদণ্ড বা এক বছরের সশ্রম কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত করা হবে। এমন বিধান রেখে মানসিক স্বাস্থ্য আইন ২০১৮-এর খসড়ায় অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ ছাড়াও জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮-এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদিত হয়। গতকাল (১৬ জুলাই সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** ( শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৭)।

২। **রোহিঙ্গাদের জন্য যা সম্ভব করা হবে : আইওএম প্রতিনিধিদলকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গা শরণার্থীদের জন্য বাংলাদেশের পক্ষে যা যা করা সম্ভব তা করা হবে। তাদের অন্যত্র স্থানান্তর করে উন্নত আবাসন ও অন্যান্য সুবিধাদি নিশ্চিত করতে কাজ চলছে। গতকাল (১৬ জুলাই সোমবার) আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) মহাপরিচালকের নেতৃত্বে ছয় সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি আরও বলেন, বিশেষ করে বন্যা ও ঘূর্ণিঝড়ের বিষয়টি বিবেচনায় রেখে স্বাস্থ্যঝুঁকি মোকাবিলা এবং শিক্ষার সুযোগ নিশ্চিত করতে সরকার ব্যবস্থা নিয়েছে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** ( শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩। **রোহিঙ্গাদের ফেরাতে জাতিসংঘের প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান প্রধানমন্ত্রীর**

জাতিসংঘ মহাসচিবের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত ক্রিস্টিন শ্র্যান বার্গেনার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী এ সময় মিয়ানমার যাতে তার নাগরিকদের দেশে ফেরত নিয়ে যায় সেজন্য জাতিসংঘের প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে বলেন, রোহিঙ্গা ইস্যুতে ভারত, চীন, লাওস, থাইল্যান্ড, মিয়ানমারসহ প্রতিবেশী দেশগুলোর সঙ্গেও বাংলাদেশ আলোচনা করেছে এবং এক্ষেত্রে আন্তর্জাতিক সমর্থনের জন্য তিনি ধন্যবাদ জানান। এ প্রসঙ্গে তিনি আরো উল্লেখ করেন, রোহিঙ্গা প্রত্যাবাসন কার্যক্রমে মিয়ানমার ইউএনএইচসিআরের অংশগ্রহণে সম্মত হয়েছে। ভারত, চীন এমনকি জাপান রোহিঙ্গাদের জন্য মিয়ানমারে বাসস্থান তৈরি করছে বলে জানান প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৪। **তত্ত্বাবধায়ক সরকারের আমলে কোনো মামলা ছাড়াই আমাকে বন্দি করা হয়েছিল**
**মন্ত্রিসভার বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০০৭ সালের ১৬ জুলাই তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আমলে কোনো মামলায় নয়, হয়রানিমূলকভাবেই আমাকে বন্দি করা হয়েছিল। বন্দি অবস্থায় আমাকে যে কী অবর্ণনীয় কষ্টের মধ্যে রাখা হয়েছিল তা বলার নয়। গতকাল (১৬ জুলাই সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১)।

৫। **যেখানে মাদক, সেখানেই অভিযান চালানো হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন যেখানে মাদক, সেখানেই অভিযান চালানো হবে। এ অভিযান চলমান থাকবে। গতকাল (১৬ জুলাই সোমবার) রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। কোরিয়া ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (কোইকা) ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে একটি কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় অধিদপ্তরকে গাড়িসহ ২৯ ধরনের সরঞ্জাম হস্তান্তর উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.১৭,ক.৭)।

৬। **প্রাকৃতিক দুর্যোগের ধরণ দিন দিন পাল্টে যাচ্ছে :**
**নীলফামারীতে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রাণমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, দেশে প্রাকৃতিক দুর্যোগের ধরণ দিন দিন পাল্টে যাচ্ছে। এ কারণে বন্যা, খরা, ঘূর্ণিঝড় দুর্যোগ হলেও নতুন করে শিলাবৃষ্টি ও বজ্রপাতও দুর্যোগে পরিণত হয়েছে। গতকাল (১৬ জুলাই সোমবার) নীলফামারী জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলনকক্ষে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১)।

৭। **নারীদের অনলাইনভিত্তিক জব মার্কেটপ্লেসের উদ্বোধন করলেন তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

নারীর ক্ষমতায়নে দেশের প্রথম অনলাইনভিত্তিক জব মার্কেটপ্লেস 'দ্য টু আওয়ার জব'-এর যাত্রা শুরু হলো। গত **১৫** জুলাই রোববার রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে (বিসিসি) আয়োজিত এক অনুষ্ঠানে এর উদ্বোধন করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার। সূত্র- **সমকাল** (পৃ.৫,ক.৫)।

৮। **নকলমুক্ত ও স্বচ্ছ পরীক্ষা পদ্ধতি নিশ্চিত করা হয়েছে : শিক্ষাপ্রতিমন্ত্রী**

প্রশ্নপত্র ফাঁস রোধ করে নকলমুক্ত স্বচ্ছ পরীক্ষা নিশ্চিত করায় ফলাফলের ক্ষেত্রে যদি পাশের হার কিছুটা কমও হয় তাতে অসুবিধা নেই। কারণ শিক্ষার্থীদের প্রকৃত মানদণ্ডের প্রতিফলন ঘটে। এতে পরবর্তী সময়ে শিক্ষার্থী পড়ায় মনোনিবেশ করবে। আমরা বিগত এইচএসসি পরীক্ষা অত্যন্ত স্বচ্ছভাবে অনুষ্ঠিত করতে পেরেছি। গত **১৫** জুলাই রোববার রাজবাড়ীর গোয়ালন্দে সৃজনশীল মেধা অন্বেষণের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষাপ্রতিমন্ত্রী কাজী কেরামত আলী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৬,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, জনকণ্ঠ :** নারীদের টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বে বাংলাদেশ নারী ক্রিকেট দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানিয়ে তাদের এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যায়যায়দিন :** মক্কা নগরীতে পবিত্র হজ পালন প্রত্যাশীদের ভিসা জটিলতার আশংকা দেখা দিয়েছে উল্লেখ করে হজযাত্রীদের কাঙ্ক্ষিত মানের সেবা নিশ্চিত করার পাশাপাশি সব ধরণের জটিলতা নিরসনে কর্তৃপক্ষ দ্রুত পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **জনকণ্ঠ :** রাজধানীতে রাস্তাঘাট পরিষ্কারের জন্য জাপান হতে আমদানিকৃত রোড সুইপার নামের যন্ত্রটি যথাযথ রক্ষণাবেক্ষণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিকবার্তা :** প্রতি বর্ষার মতো এবারো কুড়িগ্রাম সংলগ্ন নদ-নদীর পানি বৃদ্ধি পাওয়ায় জেলার নয়টি উপজেলার চরাঞ্চলে গড়ে ওঠা ২০৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় জলমগ্ন হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের সব হাওরাঞ্চলকে সারাবছর পাঠদান উপযোগী রাখতে বিদ্যালয়গুলোর টেকসই অবকাঠামো নির্মাণের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের অক্ষম জনগোষ্ঠীর উন্নয়নে মোট বাজেটের ৪ থেকে ৫ শতাংশ বরাদ্দ রেখে পৃথক বাজেট প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন :** দেশের ২৩ শতাংশ নবজাতকের কম ওজন ও **১৮** শতাংশ গর্ভবতী নারী অপুষ্টির শিকার হওয়ার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে সরকারকে অপুষ্টির সমস্যা সমাধানে জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান।

ছ. **নিউ এজ :** বন্যায় ক্ষতিগ্রস্ত দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলের জনগোষ্ঠীর বিশেষকরে দরিদ্র কৃষকের কাছে বীজ, সার ও নগদ অর্থসহায়তা অতিদ্রুত পৌঁছানোর ব্যবস্থা করার প্রত্যাশা।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিষিদ্ধ, ভেজাল ও নিম্নমানের ওষুধ জব্দ করার বিষয় তুলে ধরে জনস্বার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যুবসমাজের কর্মসংস্থানের যথাযথ পদক্ষেপ যেমন দেশের উন্নয়ন নিশ্চিত করবে তেমনি এ ক্ষেত্রের ব্যর্থতা অস্থিতিশীলতার কারণ হয়ে দাঁড়াতে পারে।

**নিবন্ধ ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'নতুন কৃষিনীতি দেশের অগ্রগতিতে অবদান রাখবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বর্তমান সরকারের কৃষিনীতি কৃষি ও কৃষক এবং সর্বোপরি দেশের জন্য অর্থনীতিবান্ধব।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা